

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

তৃতীয় শ্রেণি

বাংলা

পূর্ণমান : ১৫

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৩=৩
- ১.১ ‘সত্যি সোনা’ গল্পে বুড়ো চাষি তার ছেলেকে ডেকে বলেছিলেন—
- (ক) গুপ্তধনের কথা (খ) মাটির নীচে পুঁতে রাখা সোনার কথা
- (গ) টাকা পয়সার কথা (ঘ) নিজের অসুস্থতার কথা
- ১.২ চাষির ছেলেটি ছিল—
- (ক) অত্যন্ত কৃপণ (খ) অত্যন্ত কর্মঠ
- (গ) অত্যন্ত অলস (ঘ) অত্যন্ত হিংসুটে
- ১.৩ ‘তোমার গোটা জমিটা খুঁড়েই দেখতে হবে কোথায় আছে সোনা।’ একথা বলেছিল—
- (ক) বুড়ো চাষি (খ) চাষির ছেলে
- (গ) বুড়ো চাষির ছেলের বউ (ঘ) বুড়ো চাষির ছেলের বন্ধু
২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও : ১×৩=৩
- ২.১ ‘অথচ টাকা পয়সার লোভ তার ষোলোআনা’। — ‘ষোলোআনা’ শব্দের অর্থ কী?
- ২.২ ‘ছেলের চোখ দুটো লোভে চকচক করে ওঠে’। — ছেলের মনে কীসের লোভ?
- ২.৩ ‘এই তার স্বামীর প্রথম রোজগার’। — স্বামী কীভাবে রোজগার করেছিল?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬
- ৩.১ ‘সেটা বলব বলেই তো ডেকেছি তোমায়’। — বক্তা কে? তিনি কোন কথা বলবেন?
- ৩.২ বউয়ের পরামর্শ শূনে বুড়ো চাষির ছেলে কী করেছিল?
- ৩.৩ ‘মিছিমিছি আমায় খাটিয়ে মারলে’। — কেন কথকের এমনটি মনে হয়েছে?
৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো : ৩
- ‘সত্যি সত্যি সোনা ফলেছে মাঠে’।
- মাঠ কীভাবে ‘সত্যি সোনা’য় ভরে উঠেছিল, তা ‘সত্যি সোনা’ গল্প অনুসরণে আলোচনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।